

📖 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ শয়ন ও নিদ্রার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বিছানায় যাওয়ার আগে ওযু করে নেওয়া

বিছানায় যাওয়ার আগে ওযু করে নেওয়া মুস্তাহাব। এ কাজের ফযীলত রয়েছে বিরাট। আল্লাহর রসূল (ﷺ) বলেন, “যে ব্যক্তি ওযু অবস্থায় রাত্রি যাপন করে তার অন্তর্বাসে এক ফিরিশ্তাও রাত্রিযাপন করেন। সুতরাং যখনই সে জাগ্রত হয় তখনই ঐ ফিরিশ্তা বলেন, ‘হে আল্লাহ! তোমার বান্দা অমুককে ক্ষমা করে দাও, কারণ সে ওযু অবস্থায় রাত্রি যাপন করেছে।’”[1]

তিনি আরো বলেন, যে কোনও মুসলিম যখনই ওযু অবস্থায় রাত্রিযাপন করে, অতঃপর রাত্রিতে (সবাক্) জেগে উঠে ইহকাল ও পরকাল বিষয়ক কোন মঙ্গল প্রার্থনা করে, তখনই আল্লাহ তাকে তা প্রদান করে থাকেন।”[2]

অবশ্য আগে ওযু থাকলে এবং তা নবায়ন না করলেও ঐ ফযীলত পাওয়া যাবে ইনশাআল্লাহ। তাছাড়া ওযু অবস্থায় ঘুমালে শয়তানের তামাশা থেকে নিরাপত্তা লাভ করা সম্ভব হবে।

ফুটনোট

[1]. ইবনে হিব্বান, সহীহ তারগীব ৫৯৪

[2]. আবু দাউদ, নাসাঈ, ইবনে মাজাহ, সহীহ তারগীব ৫৯৫

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=8065>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন